



ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত) College Code: 1375 (DB), 6438 (NU), EIIN: 108207

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: 9023338, 9004942, 9007945

Website: www.dcc.edu.bd, Facebook: DhakaCommerceCollege, Webmail: dcc1989@dcc.edu.bd

স্মারক নং : ঢাকক-

তারিখ : ১৫/১০/২০২৩ খ্রিস্টাব্দ

সংশোধিত বিজ্ঞপ্তি

২০২২-২৩ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ২য় পর্ব পরীক্ষায় ৩ থেকে ৬ বিষয় অকৃতকার্য হয়ে কিংবা অসুস্থতা/অন্যান্য কারণে পরীক্ষা দিতে পারেনি, তাদের সাপ্লিমেন্টারি পরীক্ষা ২০২৩ আগামী ১৮/১০/২০২৩ তারিখ হতে অনুষ্ঠিত হবে। প্রতি পত্রের পূর্ণমান ৩০ এবং সময় ১:০০ ঘণ্টা। প্রতি বিষয়ের MCQ এবং CQ পরীক্ষায় পৃথকভাবে উত্তীর্ণ হতে হবে। শিক্ষার্থীদের ১৭/১০/২০২৩ তারিখের মধ্যে হিসাব শাখায় প্রতি বিষয়ের জন্য ২০০/- (দুইশত টাকা) ফি জমা দিতে হবে এবং উক্ত রশিদ প্রবেশপত্র হিসেবে পরীক্ষার হলে দেখানোর জন্য সংরক্ষণ করবে। অন্যথায় সাপ্লিমেন্টারি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। সাপ্লিমেন্টারি পরীক্ষার ফি আর্থশিক গ্রহণ করা হবে না। সাপ্লিমেন্টারি পরীক্ষা শেষে ৯:১৫টা থেকে যথারীতি ক্লাস কার্যক্রম অংশ গ্রহণ করতে হবে। ৭ বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীরা সাপ্লিমেন্টারি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না, তাদের ফলাফল স্থগিত করা হলো।

বি. দ্র. যে সকল শিক্ষার্থীর ৮টা থেকে ৯টা পর্যন্ত সাপ্লিমেন্টারি পরীক্ষা থাকবে না তাদের ক্লাস কার্যক্রম নির্ধারিত রুটিন অনুযায়ী সকাল ৯:১৫টা থেকে শুরু হবে।

পরীক্ষার হলে ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত বিষয়সমূহ মেনে চলতে হবে:

- প্রবেশপত্র ও পরিচয়পত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না;
- পরীক্ষার হলে বিন্দুমাত্র অসদুপায় অবলম্বনের কোনো প্রমাণ পাওয়া গেলেই বহিষ্কার করা হবে;
- পরীক্ষার হলে পরীক্ষা সংক্রান্ত কাগজপত্র ছাড়া অন্য কোনো কাগজপত্র, বই, ব্যাগ, মোবাইল, ইলেক্ট্রনিক ডিভাইস ইত্যাদি সঙ্গে আনা যাবে না;
- পরীক্ষা শুরুর কমপক্ষে ১৫ মিনিট পূর্বে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে;
- পরীক্ষার হলে কলম, পেন্সিল, ইরেজার, স্কেল, ক্যালকুলেটর ইত্যাদি পরস্পর বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ;
- পরীক্ষার্থীকে অবশ্যই উত্তরপত্রের প্রতি পৃষ্ঠায় ১৬ থেকে ১৮ লাইন এবং প্রতি লাইনে কমপক্ষে ৫ থেকে ৬টি শব্দ লিখতে হবে;
- পরীক্ষার্থীকে পূর্ণ সময় হলে অবস্থান করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;
- পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীকে অবশ্যই কলেজ ইউনিফর্ম পরিধান করে আসতে হবে;
- উত্তরপত্রের বাম পাশে ও ওপরে পেন্সিল দিয়ে ১ ইঞ্চি মার্জিন দিতে হবে। এছাড়া চিত্র ব্যতীত অন্য কোথাও পেন্সিল দিয়ে লেখা যাবে না।
- ফি জমা রশিদ হারিয়ে গেলে, বাসায় রেখে আসলে বা অন্য কোনো কারণে আনতে না পারলে, সেক্ষেত্রে পরীক্ষার দিন হিসাব শাখায় ১০০/- টাকা জমা দিয়ে পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা হতে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

পরীক্ষার সময়সূচি

পরীক্ষার তারিখ ও বার	পরীক্ষার বিষয় ও পত্র	সময়
১৮/১০/২০২৩ (বুধবার)	বাংলা (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	৮:০০-৯:০০টা
১৯/১০/২০২৩ (বৃহস্পতিবার)	ইংরেজি (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	৮:০০-৯:০০টা
২৫/১০/২০২৩ (বুধবার)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	৮:০০-৯:০০টা
২৬/১০/২০২৩ (বৃহস্পতিবার)	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম ও ২য় পত্র	৮:০০-৯:০০টা
	জীববিজ্ঞান ১ম ও ২য় পত্র	
২৯/১০/২০২৩ (রবিবার)	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম ও ২য় পত্র	৮:০০-৯:০০টা
	পদার্থবিজ্ঞান ১ম ও ২য় পত্র	
৩০/১০/২০২৩ (সোমবার)	হিসাববিজ্ঞান ১ম ও ২য় পত্র	৮:০০-৯:০০টা
	রসায়ন ১ম ও ২য় পত্র	
৩১/১০/২০২৩ (মঙ্গলবার)	ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম ও ২য় পত্র	৮:০০-৯:০০টা
	উচ্চতর গণিত ১ম ও ২য় পত্র	
০১/১১/২০২৩ (বুধবার)	অর্থনীতি ১ম ও ২য় পত্র	৮:০০-৯:০০টা
	পরিসংখ্যান ১ম ও ২য় পত্র	
	গার্হস্থ্য বিজ্ঞান ১ম ও ২য় পত্র	

অধ্যক্ষ

উপাধ্যক্ষ

আহ্বায়ক (পরীক্ষা কমিটি, একাদশ)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

ক্রম	বিতরণ	স্বাক্ষর	ক্রমিক	বিতরণ	স্বাক্ষর
১	অধ্যক্ষ মহোদয়ের অফিস		৩	একাদশ শ্রেণির সকল শ্রেণি কক্ষ	
২	উপাধ্যক্ষ		৪	চেয়ারম্যান/ শিক্ষার্থী উপদেষ্টা/ শাখা (সকল)	